গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব নূর-উর-রহমান<br>সচিব |
| সভার স্থান | : ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষ (Zoom platform) |
| সভার তারিখ ও সময় | : ২৬/০৭/২০২০ খ্রিঃ সকালঃ ১১:৩০ টায়। |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-ক (স্বাক্ষর ক্রমানুসারে)। |

সভায় উপস্থিত সকলকে এবং Zoom এর মাধ্যমে অংশগ্রহণকারী সকলকে করোনা পরিস্থিতিতে সামাজিক দূরত্বের কথাটি স্মরণ করিয়ে দিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অতঃপর সভাপতি ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি সকলকে অবহিত করেন।

০২। বিস্তারিত আলোচনার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে উদ্‌যাপনের নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃনং | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত ক্ষুদে বার্তা সকল মোবাইল গ্রাহককে ১৪ আগস্ট ২০২০ মধ্য রাত হতে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | বিটিআরসি |
| ২. | ১৫ আগস্ট তারিখ শনিবার ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন অধিদপ্তর / দপ্তর/ সংস্থা এবং মাঠ পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | সকল অধিদপ্তর, দপ্তর, সংস্থা |
| ৩. | (ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ব্যানারে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধানগণের সমন্বয়ে আগামী ১৫ আগস্ট ২০২০ সুবিধাজনক সময়ে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন।<br>(খ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে ডাক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন।<br>(গ) তেজগাঁও মেইল প্রসেসিং সেন্টার প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর পূর্ণ অবয়ব ভাস্কর্য উন্মোচন। | পিটিডি/ডাক অধিদপ্তর/ অন্যান্য সকল দপ্তর, সংস্থা |
| ৪. | ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ। | ডাক অধিদপ্তর |
| ৫. | সকল দপ্তর/সংস্থা এবং আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের অফিস ভবনে জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ ব্যানার টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল অধিদপ্তর, দপ্তর, সংস্থা |
| ৬. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক ডাক অধিদপ্তরের মিলনায়তনে সুবিধা মতো সময়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সীমিত পরিসরে ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে ন্যূনতম উপস্থিতি নিশ্চিত করে আলোচনা সভা ও দোয়া'র আয়োজন। | পিটিডি/ডাক অধিদপ্তর/ অন্যান্য সকল দপ্তর, সংস্থা |
| ৭. | ডাক অধিদপ্তর এবং বিটিসিএল কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। | ডাক অধিদপ্তর ও বিটিসিএল |
| ৮. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে সকল দপ্তর/সংস্থা এবং তাদের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে তা বাস্তবায়ন করবেন। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | সকল দপ্তর/ সংস্থা |
| ৯. | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় শোক দিবসের সঙ্গে সংশ্লিষ্ট অনেক কর্মসূচি ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করা হবে বিধায় সম্প্রচার কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার জন্য বিটিসিএল এর টেলিযোগাযোগ ও অপটিক্যাল ফাইবার সচল রাখতে হবে। | বিটিসিএল |
| ১০. | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষে আগামী ০৯/০৮/২০২০ তারিখ ১১:০০ টায় একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। | যুগ্ম সচিব (প্রশাসন) |

আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৯/০৭/২০২০
(নূর-উর-রহমান)
সচিব

নং- ১৪.০০.০০০০.০০১.১৬.০১০.১৭.৬৭৫ তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৭ / ২৯ জুলাই ২০২০।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
২. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, টিটিসি ভবন, ৪২৩-৪২৮ তেজগাঁও শি/এ, ঢাকা।
৪. চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান, ডাকভবন, জিপিও, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন্স স্যাটেলাইট কোং লিঃ, ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৬. যুগ্ম সচিব / যুগ্ম প্রধান (সকল) ...................... ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেড, ১৯১ তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লি:, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, সড়ক# ১৭, গুলশান-১, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড, টংগী, গাজীপুর।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কেবল শিল্প সংস্থা, শিরোমনি, খুলনা।
১২. উপসচিব/ পরিচালক (সকল) ......................, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
১৪. সচিব এর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. অতিরিক্ত সচিব (সকল) ...................... এর ব্যক্তিগত কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ঢাকা।

২৯/০৭/২০২০

(মোঃ মোখলেছুর রহমান)
যুগ্ম সচিব
☏ ৯৫১৪৪৪৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর,ঢাকা-১০০০।

নথি নং-১৪.৩১.০০০০.০৩১.২৩.০০২.২০

তারিখ ঃ /০৮/২০২০ খ্রিঃ।

প্রাপক, (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সকল অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর,ঢাকা।
২। পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল,ঢাকা/কেন্দ্রীয় সার্কেল ঢাকা/পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম/দক্ষিণাঞ্চল সার্কেল, খুলনা/ উত্তরাঞ্চল সার্কেল, রাজশাহী।
৩। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা/রংপুর।
৪। অধ্যক্ষ, পোস্টাল একাডেমি, রাজশাহী।
৫। সকল পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৬। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটিসেল, ডাক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। প্রেস ম্যানেজার, পোস্টাল প্রিন্টিং প্রেস, টংগী, গাজীপুর।
৮। সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস), সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়, ডাক ভবন, ঢাকা।
৯। সহকারী পরিচালক, আর্ন্তজাতিক ডাক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, ডাক ভবন, ঢাকা।
১০। নোটিশ বোর্ড, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১। অফিস কপি।

(মোঃ মোরশেদ আলম)
প্রশাসনিক কর্মকর্তা
ফোনঃ ৯৫৫৫৯৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০১০.১৭.১২৫৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৭
০২ আগস্ট ২০২০

বিষয়: **আগামী ১৫ই আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎবার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচি।**

সূত্র: (১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নম্বর: জঃশঃউঃ/জাঃবাঃকঃ/প্রশা-০২/২০১৯/৪২৮, তারিখ: ২৬ জুলাই ২০২০

(২) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বরঃ ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.৩২৮, তারিখঃ ৩০ জুলাই ২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকদ্বয়ের ছায়ালিপি এসাথে সংযুক্ত করে প্রেরণ করা হলো। আগামী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচী গ্রহণের বিষয়ে বর্তমান পরিবর্তিত পরিস্থিতি সার্বিক বিবেচনায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কতিপয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, গৃহীত কর্মসূচি সমূহের বাইরে বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে তার দপ্তর/ সংস্থা কর্তৃক প্রতি বছরের ন্যায় দেশব্যাপী ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে দোয়া/ প্রার্থনার আয়োজনসহ পত্রে উল্লিখিত দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৮-২০২০
মো: একরামুল হক চৌধুরী
সহকারী সচিব

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
২) মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
৩) মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, টিটিসি ভবন, ৪২৩-৪২৮ তেজগাঁও শি/এ, ঢাকা।
৪) চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ, মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান, ডাকভবন, জিপিও, ঢাকা।
৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোং লিঃ, ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেড, ১৯১ তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা।
৮) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, সড়ক# ১৭, গুলশান-১, ঢাকা
৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কেবল শিল্প সংস্থা, শিরোমনি, খুলনা।
১০) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড, টংগী, গাজীপুর।

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০১০.১৭.১২৫৪/১(২)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৭
০২ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব এর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২-৮-২০২০
মো: একরামুল হক চৌধুরী
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

৬১২

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.৩২৮

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

বিষয়: **আগামী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎবার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচী**

সূত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নম্বর: জঃশঃউঃ/জাঃবাঃকঃ/প্রশা-০২/২০১৯/৪২৮, তারিখ: ২৬.০৭.২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎবার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচী গ্রহণের বিষয়ে বর্তমান পরিবর্তিত পরিস্থিতি সার্বিক বিবেচনায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কতিপয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, গৃহীত কর্মসূচিসমূহের বাইরে বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, মাঠ প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ প্রতি বছরের ন্যায় দেশব্যাপী ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে দোয়া/প্রার্থনার আয়োজনসহ পত্রে উল্লিখিত দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে দুই পৃষ্ঠা।

৩০-৭-২০২০
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.২০.৩২৮/১(৩)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭
৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) প্রধান সমন্বয়কের একান্ত সচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৩০-৭-২০২০
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপসচিব

বাংলা

জয় বঙ্গবন্ধু

৭৩

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/প্রশা-০২/২০১৯/৪২৮

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৭ / ২৬ জুলাই ২০২০

বিষয়ঃ **আগামী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎবার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচী গ্রহন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে সদয় অবগতির জন্য জানানো যে, আগামী ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎবার্ষিকী পালনসহ শোকাবহ আগস্ট মাসব্যাপী কর্মসূচী গ্রহণের বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির একাধিক সভায় আলোচনাক্রমে বর্তমান পরিবর্তিত পরিস্থিতি সার্বিক বিবেচনায় রেখে জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে শোকাবহ মাস আগস্ট ব্যাপী নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে বঙ্গবন্ধু এবং ১৫ই আগস্টের শহীদদের স্মরণে একটি স্মরণিকা প্রকাশ এবং এর অনলাইন ভার্সন বিভিন্ন ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় প্রচার;

খ. অনলাইনে ছবি ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন, বাস্তবায়নে: বাংলাদেশ শিল্পকলা একাডেমী ও বাংলাদেশ জাতীয় যাদুঘর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

গ. বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতার আবৃত্তির অডিও প্রকাশনা, বাস্তবায়নে: সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি;

ঘ. বঙ্গবন্ধুকে নিবেদিত গানের সংকলন নিয়ে অ্যালবাম বের করা, বাস্তবায়নে: বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

ঙ. 'ইনডেমনিটি অধ্যাদেশ- কালো আইন' বিষয়ে অনলাইন আলোচনা সভা/টকশো আয়োজন, বাস্তবায়নে: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সহযোগিতায়: সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি;

চ. বিভিন্ন পত্র পত্রিকায় বঙ্গবন্ধু, বঙ্গমাতা এবং ১৫ই আগস্টের শহীদদের স্মরণে বিশেষ নিবন্ধ/লেখা প্রকাশ, বাস্তবায়নে : তথ্য মন্ত্রণালয়।

২। এছাড়া আগামী ৮ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এঁর ৯০তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আগামী ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল-এঁর ৭১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।

৩। উল্লিখিত সুনির্দিষ্ট কর্মসূচিসমূহের বাইরে বর্তমান করোনা পরিস্থিতি তথা সার্বিক পরিবর্তিত অবস্থা বিবেচনায় রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, মাঠ প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ প্রতি বছরের ন্যায় দেশব্যাপী ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে দোয়া/প্রার্থনার আয়োজনসহ দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সদয় নির্দেশনা প্রদান করতে পারে।

২৮।০৭।২০২০
পঙ্কজ ঘোষ
উপসচিব

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে) :

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা;

৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা;

৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;

৫। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা;

৬। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;

৭। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;

৮। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;

৭। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৮। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন মন্ত্রণালয়, ঢাকা;

৯। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;

১০। প্রধান সমন্বয়কের একান্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়।